# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৩. ৪. না বনাম হাঁ

ক্যাথলিক বাইবেলের ২৩ নং পুস্তক ও প্রটেস্ট্যান্ট বাইবেলের ১৯ নং পুস্তক Psalms। বাংলা নাম গীতসংহিতা, সামসঙ্গীত বা জবুর শরীফ। এ পুস্তকের ১০৫ অধ্যায়ের ২৮ শ্লোক হিব্রু বাইবেলে ‘না’-বাচক, কিন্তু গ্রিক বাইবেলে ‘হাঁ’-বাচক। বাংলা কেরি বাইবেল, পবিত্র বাইবেল, কিতাবুল মোকাদ্দস ইত্যাদি সংস্করণে হিব্রু পাঠ অনুসরণ করা হয়েছে। কিতাবুল মোকাদ্দসে (২০১৩ সংস্করণ) শ্লোকটা নিম্নরূপ: “তিনি অন্ধকার পাঠালেন, আর অন্ধকার হল, তারা তাঁর কালামের বিরুদ্ধাচারণ করলেন না।”

গ্রিক বাইবেল অনুসরণে জুবিলী বাইবেলে শ্লোকটা নিম্নরূপ: “তিনি অন্ধকার পাঠিয়ে দিলেন আর সবকিছু অন্ধকার হল, তারা কিন্তু তাঁর বাণীর বিরুদ্ধাচরণ করল।”

দুটো পাঠের একটা নিঃসন্দেহে বিকৃত ও ভুল। তবে কোনটা বিকৃত এবং কোনটা সঠিক সে বিষয়ে খ্রিষ্টান পণ্ডিতরা অনেক বিতর্ক করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13995

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন